



এসএসসি পাসেই সিআইডিতে চাকরির সুযোগ



সংগৃহীত ছবি

বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) তিনটি পদে ১৮ জন জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আগ্রহী প্রার্থীরা আগামী ৮ নভেম্বর ২০২৬ বিকেল ৪টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।

নিয়োগকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পুলিশ। ঢাকায় অবস্থিত সিআইডির অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেলের কার্যালয়ের অধীনে এসব পদে নিয়োগ দেওয়া হবে। চাকরির ধরন স্থায়ী। নারী ও পুরুষ উভয় প্রার্থীই আবেদন করতে পারবেন। তবে আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

বয়স ও আবেদন ফি

২০২৬ সালের ১ অক্টোবর প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণে কোনো ধরনের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

আবেদন ফি হিসেবে প্রথম ও দ্বিতীয় পদের জন্য ১১২ টাকা এবং তৃতীয় পদের জন্য ৫৬ টাকা দিতে হবে। অনলাইনে আবেদন করার পর নির্ধারিত পদ্ধতিতে ৭২ ঘণ্টার মধ্যে ফি জমা দিতে হবে। এ ফি অফেরতযোগ্য।

আবেদনের নিয়ম

আগ্রহী প্রার্থীদের সিআইডির নিয়োগসংক্রান্ত ওয়েবসাইট <http://cid.teletalk.com.bd/> -এর মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে নির্ধারিত মাপের ছবি (৩০০x৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) স্ক্যান করে যুক্ত করতে হবে।

নির্ধারিত সময়ের পর জমা দেওয়া আবেদন এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদন করার আগে প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তিতে দেওয়া পদভিত্তিক যোগ্যতা ও অন্যান্য শর্ত দেখে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।